



(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)

পল্লী ভবন (৭ম তলা)

৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।

www.iresppw-brdb.gov.bd/Fax-8189029

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬১.০০.৬৯৩.১৪-৩৮৯৯


তারিখঃ ০৪/০৮/২০১৬

বিষয়ঃ চুক্তিভিত্তিক নিয়োগ হতে বরখাস্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত "দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)" এর মাঠ সংগঠক হিসেবে গত ০৪/০৯/১৪ তারিখ হতে কর্মরত আছেন। আপনি প্রকল্পের সুফলভোগীদের কাছ থেকে আদায়কৃত ঋণের কিস্তি বাবদ ৮৯৪৪০/- (উননব্বই হাজার চারশত চল্লিশ টাকা) ও সঞ্চয় বাবদ ৪৬১৮/- (চার হাজার ছয় শত আঠার টাকা) সর্বমোট ৯৪০৫৮/- (চুরানব্বই হাজার আটান্ন টাকা) সংশ্লিষ্ট হিসাবে জমা প্রদান না করে আত্মসাৎ করেছেন যা প্রমানিত হয়েছে। এছাড়া বিভিন্ন সময়ে আপনি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকেন।

২। উল্লেখ্য, আপনার পূর্ববর্তী কর্মস্থল যশোর জেলার অভয়নগর উপজেলায় কর্মকালীন সময়েও ৭৪৮০৪/- (চুয়াত্তর হাজার আটশত চার টাকা) আত্মসাৎ করেছেন। আপনি আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ স্বীকার করে আত্মসাৎকৃত অর্থ মাসিক কিস্তিতে পরিশোধ এবং ভবিষ্যতে এ ধরনের কর্মকাণ্ড পরিলক্ষিত হলে কর্তৃপক্ষ যে সিদ্ধান্ত নিবে তা মেনে নিবেন মর্মে লিখিতভাবে ক্ষমা প্রার্থনা করলে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৮৫৩.১৫-৩৩৫৬ তারিখঃ ৩০/১২/২০১৫ মূলে ভবিষ্যতে এ ধরনের কর্মকাণ্ড পরিলক্ষিত হলে চাকুরী হতে সরাসরি অব্যাহতি দেয়ার শর্তে আপনার অভিযোগটি নিষ্পত্তি করা হয়েছিল। কিন্তু আপনি তদুপরি ১ম বার ক্ষমা পাওয়ার পরও ২য় বার অর্থ আত্মসাৎ করেছেন যা ক্ষমার অযোগ্য। আপনার এই ধরনের কর্মকাণ্ডের কারণে সুফলভোগীদের মাঝে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্প সম্পর্কে নেতিবাচক ধারণা সৃষ্টি হয়েছে।

৩। এমতাবস্থায়, অফিস শৃঙ্খলা পরিপন্থী আচরন এবং অর্থ আত্মসাৎ করায় প্রকল্পের চুক্তিভিত্তিক নিয়োগের শর্ত মোতাবেক আপনার সঙ্গে সম্পাদিত চুক্তি বাতিলপূর্বক বরখাস্ত করা হলো এবং আত্মসাৎকৃত অর্থ ৯৪০৫৮/- (চুরানব্বই হাজার আটান্ন টাকা) আগামী ৩১/০৮/২০১৬ তারিখের মধ্যে সংশ্লিষ্ট হিসাবে জমা দান না করলে আপনার বিরুদ্ধে ফৌজদারি মামলা দায়ের করা হবে।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৪


জনাব দীপাঙ্জন মুখার্জী
মাঠ সংগঠক, ইরেসপো, বিআরডিবি
উপজেলাঃ কলারোয়া, জেলাঃ সাতক্ষীরা।
স্থায়ী ঠিকানাঃ আল আমিন স্টোর, হুশতলা মোড়, বকচর, যশোর

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৭১৯.১৪-

তারিখঃ ০১/০৮/২০১৬ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ কলারোয়া, জেলাঃ সাতক্ষীরা।
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলাঃ কলারোয়া, জেলাঃ সাতক্ষীরা। (আত্মসাৎকৃত অর্থ আগামী ৩১/০৮/২০১৬ তারিখের মধ্যে সংশ্লিষ্ট হিসাবে জমা দান না করলে তার বিরুদ্ধে ফৌজদারি মামলা দায়ের করার নির্দেশ প্রদান করা হলো।)
৩. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪. উপ প্রকল্প পরিচালক (অর্থ, হিসাব ও উন্নয়ন), বিআরডিবি, ঢাকা।
৫. উপপরিচালক, বিআরডিবি, সাতক্ষীরা।
৬. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৮. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।


আরিফুল হক
উপ প্রকল্প পরিচালক